

476

টাঃ বিঃ ৭৩ কোটি টাকার বাজেট

## শিক্ষক কর্মকর্তা কর্মচারীদের বেতন ভাতা খাতেই ৭০ ভাগ

( বিশ্ববিদ্যালয় সংবাদদাতা )  
আগামী ১৯৯৯-২০০০ অর্থবছরের জন্য  
ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৭৩ কোটি ৭১ লাখ  
টাকার ঘাটতি বাজেট পেশ করা হয়েছে।  
এর মধ্যে শিক্ষা সহায়ক খাতে বরাদ্দ দেয়া  
হয়েছে শতকরা ১৫ ভাগ। শিক্ষক-  
কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ও  
পেনশন খাতে বরাদ্দ দেয়া হয়েছে শতকরা  
প্রায় ৭০ ভাগ। বাকি ১৫ শতাংশ বরাদ্দ  
দেয়া হয়েছে অন্যান্য খাতে।

গত রোববার বিকেল সাড়ে ৩টায়  
বিশ্ববিদ্যালয়ের সিনেট কক্ষে বার্ষিক সিনেট  
অধিবেশনে এ বাজেট পেশ করেন ভারপ্রাপ্ত  
উপাচার্য ও কোষাধ্যক্ষ উপ-উপাচার্য  
অধ্যাপক মোঃ শাহাদত আলী। তিনি  
অধিবেশনে সভাপতিত্ব ও বাজেট পেশ  
করেন।

আগামী ১২ই জুলাই পর্যন্ত অধিবেশন  
মূলতবি ঘোষণা করা হয়।

মোট ৭৩ কোটি ৭১ লাখ টাকার এ  
বাজেট ঘাটতি দেখানো হয়েছে ৬ কোটি ৬  
লাখ টাকার বাজেটের শতকরা ৯০ দশমিক

৩৯ ভাগ আয় ধরা হয়েছে সরকার থেকে  
প্রাপ্ত অনুদান হতে। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব  
আয় মাত্র ৯ দশমিক ৬১ শতাংশ।

বাজেটের মোট বরাদ্দের মধ্যে শুধু  
শিক্ষকদের বেতন শতকরা ৩৩ দশমিক ১৮  
ভাগ, অফিসারদের বেতন শতকরা ১০  
দশমিক ১১ ভাগ, কর্মচারীদের বেতন  
শতকরা ১৮ দশমিক ৫৯ ভাগ এবং  
পেনশন বরাদ্দ শতকরা ৬ দশমিক  
৭৮ ভাগ।

কোষাধ্যক্ষের বক্তৃতায় উপ-উপাচার্য মোঃ  
শাহাদত আলী বলেন, নবনিযুক্ত তরুণ  
শিক্ষকদের ওরিয়েন্টেশন কোর্স এবং  
অফিসার-কর্মচারীদের প্রশিক্ষণ কোর্স  
প্রবর্তন করা হচ্ছে। এ ক্ষেত্রে বাজেটে  
বরাদ্দ ধরা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের আয়  
বাড়ানোর জন্য তিনি বিশ্ববিদ্যালয় সাবেক  
ছাত্রছাত্রীদের (দেশে-বিদেশে) কাছ থেকে  
সাহায্য নিয়ার জন্য একটি সেল গঠনের  
কথা বলেন।

মোট ১০৪ জন সিনেট সদস্যের মধ্যে  
গত রোববারের অধিবেশনে ৫৬ জন সদস্য  
উপস্থিত ছিলেন।